ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬২৬

আগরতলা, ৭ জানুয়ারি, ২০২৬

**রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজে**
**প্রবাসীদেরও যুক্ত করতে হবে ঃ মুখ্যমন্ত্রী**

বিভিন্ন উন্নয়নমূলক কাজের সঠিক অগ্রগতির জন্য ত্রিপুরা জাতীয়স্তরে প্রথম স্থান পেয়েছে ও পুরস্কৃত হয়েছে। সেক্ষেত্রে আত্মতুষ্টির কোন অবকাশ নেই। সময়ের কাজ সময়ের মধ্যে শেষ করে নিতে হবে। পরিকাঠামোগত উন্নয়নের কাজগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা স্থির করতে হবে। আজ সচিবালয়ের কনফারেন্স হলে বিভিন্ন দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি বিষয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আত্মনির্ভর ভারত গড়ার অঙ্গ হিসেবে পরিকাঠামোগত উন্নয়নেও বিশেষ জোর দিয়েছেন। প্রধানমন্ত্রীর লক্ষ্যকে সফল করতে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা সামনে রেখে রাজ্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজে প্রবাসীদেরও যুক্ত করতে হবে। এতে প্রবাসীরা রাজ্যে শিল্প ক্ষেত্রে বিনিয়োগে উৎসাহিত হবেন। সভায় মুখ্যমন্ত্রী বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের বিষয়ে খোঁজ খবর নেন এবং প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ দেন।

সভায় অর্থ দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত হন। এই সভায় অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার, গ্রামোন্নয়ন দপ্তরের অতিরিক্ত সচিব কুন্তল দাস এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ নিজ নিজ দপ্তরের উন্নয়নমূলক কাজের অগ্রগতি তুলে ধরেন। সভায় উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ ও মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী। এছাড়াও বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন।

******